


লালু ছাত্রদলের সভাপতি হেলাল সাধারণ সম্পাদক

যুগান্তর রিপোর্ট

সাহাবুদ্দীন লালুকে সভাপতি, আজিজুল বারী হেলালকে সাধারণ সম্পাদক ও শফিউল বারী বাবুকে সাংগঠনিক সম্পাদক করে লালু : পৃষ্ঠা : ২ কলাম : ৫



লালু

হেলাল

লালু : সভাপতি

(১ম পৃষ্ঠার পর)

— ছাত্রীয়াতাবাদী ছাত্রদলের নতুন কেন্দ্রীয় কমিটি ঘোষণা করা হয়েছে। বিএনপি চেয়ারপারসন ও প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া গভর্নর ছাত্রদলের কেন্দ্রীয় আহ্বায়ক কমিটি বিলুপ্ত করে নতুন কেন্দ্রীয় কমিটি গঠন করেন। কমিটিতে সুলতান সালাহউদ্দিন টুকুকে সিনিয়র সহ-সভাপতি ও সেলিমুজ্জামান সেলিমকে যুগ্ম সাধারণ সম্পাদক করা হয়েছে। কমিটির বাকি সদস্যদের নাম পরবর্তী সময়ে ঘোষণা করা হবে বলে বিএনপির ছাত্রবিষয়ক সম্পাদক আমানউল্লাহ আমান স্বাক্ষরিত প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। একই সঙ্গে আমীরুল ইসলাম খান আলীমকে সভাপতি ও হাসান মামুনকে সাধারণ সম্পাদক করে ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার নতুন কমিটি গঠন করা হয়েছে। কেন্দ্রীয় কমিটি গঠনের পরপরই সভাপতি ও সাধারণ সম্পাদক নবগঠিত ঢাকা বিশ্ববিদ্যালয় কমিটি অনুমোদন দেন। গত ৯ সেপ্টেম্বর ছাত্রদলের ৩১ সদস্যের আহ্বায়ক কমিটি গঠন করা হয়েছিল। গত তিন মাসে সারাদেশে কেন্দ্রীয় নেতাদের সাংগঠনিক সফরের পর সম্মেলন ও কাউন্সিলের মাধ্যমে ছাত্রদলের জেলা কমিটিগুলো গঠিত হয়। সর্বশেষ কক্সবাজারে জেলা সম্মেলন এবং সেন্টমার্টিনে কেন্দ্রীয় ও সারাদেশের নেতাদের সম্মিলন অনুষ্ঠিত হয়। বিএনপির প্রথম যুগ্ম মহাসচিব ডাঃ রহমান ছাত্রদলের পুনর্গঠনের এ প্রক্রিয়ায় প্রধান ভূমিকা পালন করেন।

ছাত্রদলের নবগঠিত কমিটির সভাপতি সাহাবুদ্দীন লালু এর আগে ছাত্রদলের আহ্বায়ক ও সাধারণ সম্পাদক ছিলেন। নতুন সাধারণ সম্পাদক আজিজুল বারী হেলাল যুগ্ম আহ্বায়ক ও সহ-সভাপতি ছিলেন। সর্বশেষ আহ্বায়ক কমিটির অপর দুই যুগ্ম আহ্বায়ক এবিএম মোশাররফ হোসেন ও মনির হোসেনকে নতুন কমিটিতে রাখা হয়নি। নতুন কমিটির সিনিয়র সহ-সভাপতি সুলতান সালাহউদ্দিন টুকু এর আগে আহ্বায়ক কমিটির সদস্য ও সহ-সভাপতি ছিলেন। যুগ্ম সাধারণ সম্পাদক সেলিমুজ্জামান সেলিম আহ্বায়ক কমিটির সদস্য ও সহ-সভাপতি ছিলেন। সাংগঠনিক সম্পাদক শফিউল বারী বাবু ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার আহ্বায়ক ও কেন্দ্রীয় সহ-সভাপতি ছিলেন। নবগঠিত কেন্দ্রীয় কমিটির নেতৃবৃন্দ আজ বিকেল ৩টায় শহীদ রুটেপতি জিয়াউর রহমানের মাজার জিয়ারত ও পুষ্পওরক অর্পণ করবেন। ছাত্রদলের নেতাকর্মীদের এ কর্মসূচিতে অংশ নিতে সভাপতি সাহাবুদ্দীন লালু ও সাধারণ সম্পাদক আজিজুল বারী হেলাল আহ্বান জানিয়েছেন।